

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ১২তম সভার কার্যবিবরণী

সভাপতি	দিলীপ কুমার সাহা মহাপরিচালক
সভার তারিখ	২০/০৫/২০১৯ খ্রিষ্টাব্দ
সভার সময়	দুপুর ০২.০০ ঘটিকা
স্থান	মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	১. জনাব মোঃ সুজায়েত উল্যা, পরিচালক (আরকাইভস) ও সদস্য, নৈতিকতা কমিটি; ২. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার ও সদস্য, নৈতিকতা কমিটি; ৩. জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক (আ:), চ.দা. ও সদস্য, নৈতিকতা কমিটি; ৪. জনাব মোঃ জামাল উদ্দিন, উপপরিচালক/চীফ বিবলিগ্রাফার, চ.দা. ও সদস্য, নৈতিকতা কমিটি

আলোচনা : কমিটির সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কে জানতে চান। সদস্য-সচিব বিগত ১২তম সভার সিদ্ধান্ত এবং বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে তুলে ধরেন-

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	মন্তব্য
১.	নৈতিকতা কমিটিতে পরিচালক (গ্রন্থাগার) কে কো-অপ্ট করা হয়।	মহাপরিচালক	বাস্তবায়িত
২.	অধিদপ্তরে কমিটিভিত্তিক Viber Group চালু করা হবে।	সকল কমিটির সদস্য-সচিব	আংশিক বাস্তবায়িত
৩.	অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে আন্তঃসম্পর্ক উন্নয়নে এপ্রিল ২০১৯ মাসে প্রশিক্ষণের আয়োজন করা হবে।	চীফ বিবলিগ্রাফার/ উপপরিচালক	বাস্তবায়িত
৪.	বিকল্প কর্মকর্তা/কর্মচারীর অফিস আদেশ এর সংশোধনী আদেশ জারি করা হবে।	উপপরিচালক (আ:)	মে মাসের মধ্যে বাস্তবায়িত হবে।
৫.	সকল উর্ধ্বতন কর্মকর্তা অধীনস্থদের হাজিরা পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করে জবাবদিহিতার আওতায় আনবেন।	সকল কর্মকর্তা	বাস্তবায়িত
৬.	জাতীয় শুদ্ধাচার কৌশল এবং এপিএ বাস্তবায়নের অন্তরায়সমূহ চিহ্নিত করে সমাধানের উদ্যোগ গ্রহণ করবেন।	সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা	বাস্তবায়িত
৭.	অধিদপ্তরে অগ্নি নির্বাপন ব্যবস্থায় সচেতনতা সৃষ্টি এবং যন্ত্রপাতি ব্যবহারে এপ্রিল ২০১৯ মাসে বাংলাদেশ ফায়ার সার্ভিস এণ্ড সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহযোগিতায় প্রশিক্ষণ ও মহড়ার আয়োজন করা হবে।	চীফ বিবলিগ্রাফার/ উপপরিচালক	বাস্তবায়িত
৮.	গবেষককে ডিজিটাল সেবা প্রদানের নিমিত্ত জাতীয় আরকাইভসের কম্পিউটার ল্যাব থেকে গবেষণাকক্ষে ০১ (এক)টি কম্পিউটার স্থানান্তর করা হবে। গবেষণাকক্ষে মোট কম্পিউটার সংখ্যা হবে ০২ (দুই)টি।	প্রোগ্রামার	বাস্তবায়ন হয়নি।
৯.	জাতীয় আরকাইভসের এসি রক্ষণাবেক্ষণের সংশ্লিষ্ট ব্যক্তিগণের পরিচয় নিশ্চিত করবেন এবং স্ট্যাকের ভিতরে প্রবেশের সময় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী সঙ্গে থাকবেন।	উপপরিচালক (আ:)	বাস্তবায়িত

সদস্য-সচিব সভাকে জানান যে, অধিদপ্তরে কমিটি ভিত্তিক Viber group চালু করা হয়েছে। সভাপতি বলেন যে, যে

সকল কমিটির এখনো Viver group চালু করা হয়নি সেগুলো Viver group চালু করতে হবে। কোন কোন কমিটির Viver group চালু করা হয়েছে এবং কোন কোন কমিটির Viver group চালু করা হয়নি তার তালিকা করতে হবে। সভাপতি বলেন যে, গবেষকদের ফটোকপি সেবা দ্রুত এবং তাৎক্ষণিক প্রদানের লক্ষ্যে জুনিয়র মাইক্রোফিলিং এণ্ড ফটোস্ট্যাটিং অফিসারের কক্ষের ফটোকপি মেশিনটি গবেষণা কর্মকর্তার কক্ষে স্থানান্তর করা হবে। তিনি আরও বলেন যে, শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের নীতিমালা তৈরি সংক্রান্ত গঠিত কমিটি আগামী এক সপ্তাহের মধ্যে এ সংক্রান্ত কর্মকান্ড সমাপ্ত করবেন।

#### সিদ্ধান্ত :

সভায় বিগত সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হওয়ায় সম্মুখি প্রকাশ করা হয়। অন্যান্য বিষয় আলোচনার পর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা প্রতিষ্ঠায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	মন্তব্য
১.	সকল কমিটির Viver group চালু করতে হবে।	সকল কমিটির সদস্য-সচিবগণ	
২.	বিকল্প কর্মকর্তা ও কর্মচারীর অফিস আদেশ মে ২০১৯ মাসের মধ্যে জারি করতে হবে।	উপপরিচালক (আরকাইভস)	
৩.	গবেষকদের সেবা প্রদানের সুবিধার্থে জুনিয়র মাইক্রোফিলিং এণ্ড ফটোস্ট্যাটিং অফিসারের কক্ষের ফটোকপি মেশিনটি গবেষণা কর্মকর্তার কক্ষে স্থানান্তর করতে হবে।	উপপরিচালক (আরকাইভস)	
৪.	জাতীয় শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের নীতিমালা তৈরি সংক্রান্ত গঠিত কমিটি আগামী এক সপ্তাহের মধ্যে এ সংক্রান্ত কর্মকান্ড সমাপ্ত করবেন।	মহাপরিচালক	

সভায় আর কোনও আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



দিলীপ কুমার সাহা  
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.৮৯

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬

২৮ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (আরকাইভস), পরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।



মোঃ আলী আকবর  
সহকারী পরিচালক (সা.দা.) এবং  
সদস্য-সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল  
বাস্তবায়নে নৈতিকতা কমিটি